দৈনিক ইত্তেফাক

তারিখ ... JUL ... 1999 ...
পৃষ্ঠা [illegible] ... কলাম ... [illegible]

75

## সাতক্ষীরা সরকারী মহিলা কলেজের অধ্যক্ষের অপসারণের দাবীতে ছাত্রীদের বিক্ষোভ

সাতক্ষীরা সংবাদদাতা ॥ সাতক্ষীরার একমাত্র সরকারী মহিলা কলেজের ছাত্রীরা গত বুধবার অধ্যক্ষের দুর্নিতি ও অসদচারণের কারণে তাহার অপসারণের দাবীতে অধ্যক্ষের কক্ষে তালা লাগাইয়া দিয়াছে। গত ৬ই জুলাই ছাত্রীরা শহরে একটি মিছিল বাহির করে। তাহারা ১৩ই জুলাইয়ের মধ্যে অধ্যক্ষের অপসারণ দাবী করিয়া জেলা প্রশাসকের নিকট স্মারকলিপি পেশ করিয়াছিল। নির্ধারিত তারিখের মধ্যে অধ্যক্ষ আব্দুল মোত্তালিব চৌধুরী অপসারিত না হওয়ায় ছাত্রীরা তাহার কক্ষসহ অফিস কক্ষ ও কয়েকটি ক্লাসরুমে তালা ঝুলাইয়া দেয়। ছাত্রীরা অধ্যক্ষ অপসারণ না হওয়া পর্যন্ত ক্লাস বর্জনের সিদ্ধান্ত নিয়াছে। ক্যাম্পাসে পুলিশ মোতায়েন করা হইয়াছে।